

ঢাকা ওয়াসা

- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ইং অর্থবছরের সংশোধিত বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) দর বিশ্লেষণের কপি।
- (৪) ঠিকাদারের প্রয়োজনীয় কাগজপত্র।
- (৫) আলোচ্য কাজের ক্যালকুলেশন।
- (৬) প্রাক্কলন।
- (৭) প্রতিবেদন।

বিষয়: “Supply of barbed wire fencing, emulsion paint, etc. and related services North-East side at Mohammadbagh water pump” কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৬ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকার পয়ঃ সংগ্রহ করে দৈনিক ১২০ মিলিয়ন লিটার শোধনক্ষমতাসম্পন্ন পাগলা পয়ঃ শোধনাগারের লেগুনে (পুকুরে) এরোবিক/নন-এরোবিক প্রক্রিয়ার মাধ্যমে শোধন করা হয়। পরবর্তীতে ক্লোরিন সংযোগের মাধ্যমে শোধিত পানি ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হয়ে থাকে। উক্ত স্থাপনা হতে বর্তমানে লিফট পাম্প, স্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিলোমিটার অভ্যন্তরীণ ও ৪টি প্রধান পয়ঃ লাইন ক্লিনিংসহ বিভিন্ন মডস জোনের আওতাধীন ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্রের যাবতীয় বৈদ্যুতিক ও যান্ত্রিক মেয়ামত ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম পরিচালনার মাধ্যমে ঢাকা মহানগরবাসীকে সুস্থভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হচ্ছে। মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৯৭২০/২০১১ এর প্রেক্ষিতে প্রদত্ত রায়ে ৭ (সাত) দফা নির্দেশনার মধ্যে ১নং নির্দেশনায় রায়ের কপি প্রাপ্তির তারিখ হতে পরবর্তী ২৪ (চব্বিশ) মাসের মধ্যে লেগুন এলাকায় সীমানা প্রাচীর নির্মাণের নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া ৩নং নির্দেশনায় লেগুন এলাকায় প্রয়োজনীয় সংখ্যক আনসার ও নিরাপত্তারক্ষী নিয়োগের মাধ্যমে কার্যকর ও নিশ্চিহ্ন নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। বর্তমানে পাগলা পয়ঃ শোধনাগারের বিভিন্ন অংশের সীমানা প্রাচীরের টেম্পার নষ্ট হয়ে বিভিন্ন স্থান ক্ষতিগ্রস্ত অবস্থায় রয়েছে। এছাড়া সীমানা প্রাচীরটি দীর্ঘদিন পূর্বে নির্মিত হওয়ায় এর উপরের বারবেড ওয়্যার নষ্ট ও অকার্যকর হয়ে গেছে। অনেক সময় দুষ্কৃতিকারীরা রাতের আধারে সীমানা প্রাচীরের বিভিন্ন অংশ ভেঙে ফেলে, ফলে পাগলা পয়ঃ শোধনাগারের নিশ্চিহ্ন নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা সম্ভব হচ্ছে না। এর ফলে বিভিন্ন সময়ে দুষ্কৃতিকারীরা পয়ঃ শোধনাগারের অভ্যন্তরে প্রবেশ করে ঢাকা ওয়াসার কেন্দ্রীয় ভাণ্ডার ও পয়ঃ শোধনাগারের মালামাল চুরির চেষ্টা করে থাকে। এমতাবস্থায়, পাগলা পয়ঃ শোধনাগারের উল্লেখিত অংশসমূহের সীমানা প্রাচীর সংস্কার করা হলে নিরাপত্তা ব্যবস্থা অধিকতর জোরদার করা সম্ভব হবে। পাশাপাশি মহামান্য হাইকোর্টের প্রদত্ত রায়ে ৩নং নির্দেশনা অনুযায়ী লেগুন এলাকায় কার্যকর ও নিশ্চিহ্ন নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার ক্ষেত্রেও অগ্রগতি অর্জন করা যাবে। বিধায়, জরুরি ভিত্তিতে সীমানা প্রাচীর সংস্কার কাজের জন্য বারবেড ওয়্যার, সিমেন্ট, বালু, ইট, রংসহ আনুষঙ্গিক মালামাল ও প্রয়োজনীয় জনবল সরবরাহ গ্রহণ করা একান্ত প্রয়োজন।

১.১। সেই আলোকে পিডব্লিউডি রেইট সিডিউল-২০২২ ও বর্তমান বাজার দরের ভিত্তিতে “Supply of barbed wire fencing, emulsion paint, etc. and related services North-East side at Mohammadbagh water pump” শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ’ল। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে ৯,৪৬,৪৫১ (নয় লক্ষ ছেচল্লিশ হাজার চারশত একাত্ত) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেট বরাদ্দের “**বাউন্ডারী ওয়াল রক্ষণাবেক্ষণ**” (কোড ০১-০৪-০০৫) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার **সিরিয়াল নং-১১ প্যাকেজ নং-CW26** এর অন্তর্ভুক্ত।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর ৯৯(১)(ড) বিধি অনুসরণে সরাসরি চুক্তি প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Supply of barbed wire fencing, emulsion paint, etc. and related services North-East side at Mohammadbagh water pump" শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:


ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর ৯৯(১)(ড) বিধি অনুসরণে সরাসরি চুক্তি (Direct Contracting) প্রক্রিয়ায় "মেসার্স ইমরান আহমেদ ট্রেডার্স" এর মাধ্যমে সম্পাদনের অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৯,৪৬,৪৫১ (নয় লক্ষ ছেচল্লিশ হাজার চারশত একাল্ল) টাকা মাত্র প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধিত বাজেটের "বাউন্ডারী ওয়াল রক্ষণাবেক্ষণ" (কোড ০১-০৪-০০৫) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি ও পয়ঃশোধনাগার সার্কেল) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।


মোঃ মাসুম রহমান
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।



10.5.2026
মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


সৈয়দ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

১-৪/ অনুমোদিত।


10/5/2026

মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।


XEN (PSTP)